

নিজের পরিচয়ে বাঁচো, মত বচনের

এই সময়: জীবনে চলার পথে কী কী করণীয় তা বাতলে দিতে নাতনিদের উদ্দেশ্যে খোলা চিঠি লিখেছিলেন সম্ভরোধর্ষ দাদু। লিখেছিলেন, জীবনে চলার পথে অন্যের সিদ্ধান্ত বহন না করে নিজের বুদ্ধিতে চল। ওই চিঠি শিক্ষকের দিবসের দিন তিনি সমস্ত নাতনিদের উদ্দেশ্যে পোস্ট করেছিলেন ফেসবুকেও। সেই দাদু কর্ণটক থেকে কন্যাকুমারী বলিউডের শাহেনশা নামেই পরিচিত। নাম, অমিতাভ বচ্চন। বুধবার নিউটাউনের একটি বেসরকারি স্কুলে হাজির হয়ে ছাত্র-ছাত্রীদের সঙ্গে আলাপচারিতা পর্বে সেই তিনি বললেন, সব সময় বড় স্বপ্ন দেখবে, আর ওই স্বপ্নকে সামনে রেখেই এগিয়ে যাবে।

অমিতাভকে একবার চোখের দেখা দেখতে সকাল ৯টা থেকেই ভিড় জমে যায় নিউটাউনের ওই স্কুল চত্বরে। ঠিক ছিল, বেলা ১১টা নাগাদ নিউটাউনের ওই স্কুলের অনুষ্ঠানে যোগ দেবেন বিগ বি। বচ্চন এসে পৌঁছন বেলা ১২টা নাগাদ। এর পরেই ছাত্র-ছাত্রীদের সঙ্গে একান্ত আলাপচারিতায় মেতে ওঠেন তিনি। ওই স্কুলের ছাত্রী ইশানী ভট্টাচার্য বচ্চনের কাছে জানতে চান তার সাফল্যের রহস্য? উত্তরে অমিতাভ বলেন, 'লক্ষ্য স্থির রেখে চলবে। অন্যের সিদ্ধান্ত বহন না করে নিজের সিদ্ধান্তে চলার চেষ্টা করবে।' এক ছাত্রী তার কাছে জানতে চান সোশ্যাল মিডিয়া বর্তমান দিনে কতটা উপযোগী? প্রশ্নের জবাবে তিনি বলেন, 'বর্তমান দিনে মতামত প্রকাশের জন্য সোশ্যাল মিডিয়া গুরুত্বপূর্ণ মাধ্যম।' অনুষ্ঠানের শেষ পর্বে এসে বক্তব্য রাখতে গিয়ে অমিতাভ পড়ুয়াদের উদ্দেশ্যে বলেন, সবসময় মাথায় রাখবে, বাবার পরিচয়ে না বেঁচে সমাজে নিজের পরিচয় তৈরি করতে হবে।

গত কয়েকবছর থেকেই সোশ্যাল মিডিয়ায় তিনি সক্রিয়। বিশেষ কোনও স্থানে গেলেই



ছাত্রীদের সঙ্গে এক ফ্রেমে অমিতাভ বচ্চন ও সৃজিত সরকার। বুধবার অমর করের তোলা ছবি

সেখানকার ছবি পোস্ট করেন ফেসবুক বা টুইটারে। এদিনও তাতে ব্যতিক্রম ঘটেনি। ছাত্র-ছাত্রীদের সঙ্গে আলাপচারিতা পর্ব শেষে স্কুল কর্তৃপক্ষ যখন ঘোষণা করছে, বাচ্চারা তৈরি হও, অমিতাভ বচ্চন তোমাদের সঙ্গে সেলফি তুলবেন। ওই ঘোষণা শুনেই আনন্দে ভেসে ওঠে পড়ুয়ারা। বিভিন্ন দিক থেকে নিজের ফোনে বাচ্চাদের সামনে রেখে তিনটি ছবি তোলেন শাহেনশা। পছন্দের অভিনেতার সঙ্গে একইফ্রেমে বন্দি হতে পেরে চরম খুশি ওই স্কুলের ছাত্র দিব্যাংশু বনসল। তার

কথায়, 'এটা আমার জীবনে বড় পাওয়া। উনি যে কথাগুলি বললেন তা অবশ্যই মেনে চলার চেষ্টা করব।'

'পিকু' সিনেমায় অমিতাভের অভিনয় মুগ্ধ করেছে ছাত্র আয়ুস মিশ্রলকে। সে বলছে, 'ওঁর মতো অভিনেতা যে আমাদের সঙ্গে এসে এ ভাবে কথা বলবেন তা ভাবতেই পারিনি। শুনেছিলাম, বড় মাপের মানুষরা মাটিতে পা রেখে চলেন। অমিতাভ বচ্চনের আচরণে আজ সেটাই দেখলাম।'